

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ সিয়াম ও রোযা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রোযা অবস্থায় তরকারির লবন বা চায়ের মিষ্টি চেক করা বৈধ কি?

রান্না করতে করতে প্রয়োজনে খাবারের লবন বা মিষ্টি সঠিক হয়েছে কি না, তা চেখে দেখা রোযাদারের জন্য বৈধ। তদনুরূপ কোন কিছু কেনার সময় চেখে পরীক্ষা করার দরকার হলে তা করতে পারে। ইবনে আব্বাস (রঃ) বলেন, "কোন খাদ্য, সির্কা এবং কোন কিছু কিনতে হলে তা চেখে দেখতে কোন দোষ নেই।" ২৭৫ (দ্রঃ বুখারী ৩৮০ পৃঃ, ইবনে আবী শাইবাহ ২/৩০৫, বাইহাকী ৪/২৬১, ইরওয়াউল গালীল ৯৩৭ নং)

তদনুরুপভাবে অতি প্রয়োজনে মা তাঁর শিশুর জন্য কোন শক্ত খাবার চিবিয়ে নরম করে দিতে পারে, ধান শুকিয়েছে কি না এবং মুড়ির চাল হয়েছে কি না তা চিবিয়ে দেখতে পারে। অবশ্য এ সকল ক্ষেত্রে শর্ত হল, যেন চর্বিত কোন অংশ রোযাদারের পেটে না চলে যায়। বরং অতি সাবধানতার সাথে কেবল দাঁতে চিবিয়ে এবং জিভে তাঁর স্বাদ চেখে সঙ্গে বাইরে ফেল জরুরী। ২৭৬ (ফাতাওয়া, ইসলামিয়্যাহ ২/১২৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=210

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন